

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
আমি তোমাদেরকে পড়ে
শুনাই এ সমস্ত আয়াত এবং
নিশ্চিত বর্ণনা।
সূরা আল ইমরান ৫৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

গ্যাম্বুয়া সিমেন্ট

হাইড্রোলিক ইঞ্জিনিয়ারিং

সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১০০২৭০০৪

বরিশাল ২ বুধবার ২৯ জুলাই ২০২৬ ১৪ সফর ১৪৪৮ ১৪ শ্রাবণ ১৪৩৩ ৯ম বর্ষ ৫৮ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা

২৬ টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক : বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

দেশের বাজারে ৩৪ টুথপেস্টের মধ্যে ২৬টিতে ‘কৃত্তিকর’ মাইক্রোপ্লাস্টিক পাওয়ার ঘটনা তদন্তে তিন সদস্যের বিশেষজ্ঞ ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি হওয়ার খবর শুজব, বললেন মির্জা ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

কয়েকটি গণমাধ্যমে ‘মির্জা ফখরুলই হচ্ছেন রাষ্ট্রপতি’ এমন সংবাদ প্রকাশের পর এটিকে শুজব বলে জানিয়েছেন বিএনপির ২ এর পাতায় দেখুন

ভারত-আমেরিকার আধিপত্য মেনে নেব না: নাহিদ ইসলাম

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে প্রাথমিক আলোচনা হয়েছে, দিনক্ষণ ঠিক হয়নি

কীর্তনখোলা ডেস্ক

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে তারপ্রাপ্ত স্পিকারের ২ এর পাতায় দেখুন

শিশুর মতোই গাছের চারাকে লালন পালন করতে হবে: তথ্যমন্ত্রী স্বপন

এসএম নয়ন, গৌরনদী তথ্য ও সম্প্রচার মন্ত্রী জাহির উদ্দিন স্বপন বলেছেন, একটি মানবশিশুকে যেভাবে আমরা লালন-পালন করি, সেভাবেই গাছের চারাকে লালন-পালন করতে হবে। একটা শিশুকে যেমন নির্দিষ্ট সময় পর্যন্ত বাবা-মায়ের দেখতে হয়, তেমনি

একটি গাছের চারাকেও নির্দিষ্ট সময় পর্যন্ত লালন-পালন করতে হয়। এরপর সে নিজেকে নিজে ঝড়-ঝড়াস মোকাবিলা করে বেড়ে উঠবে। মঙ্গলবার (২৮ জুলাই) বেলা ১১টায় গৌরনদীতে উপজেলা প্রশাসন ও বন বিভাগের যৌথ আয়োজনে ‘বৃক্ষরোপণ অভিযান ও

বৃক্ষমেলা’র উদ্বোধন’ এবং শিক্ষার্থীদের মাধ্যমে গাছের চারা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য এসব কথা বলেন তিনি। জাহির উদ্দিন স্বপন বলেন, সবুজ বাংলাদেশ গড়ে তুলতে প্রত্যেক নাগরিককে অন্তর্ভুক্ত একটি করে গাছ রোপণ এবং তার পরিচর্যা দায়িত্ব নিতে হবে। জলবায়ু

পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় ব্যাপক বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদেরও পরিবেশ রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি আরও বলেন, যারা এখন কেবলই তরুণ, তাদের সামনে ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটি কর্পোরেশনে তৃতীয় লিঙ্গের নাগরিক মাইদুল ইসলাম অভিকে চাকরি দেন প্রশাসক অ্যাড. বিলকিস আহার জাহান শিরীন

বিশেষ ও নিয়মিত অভিযানে তিন মাসে পুলিশের হাতে গ্রেফতার ১ লাখ ৪২ হাজার

কীর্তনখোলা ডেস্ক দেশব্যাপী চলমান বিশেষ অভিযান ও নিয়মিত অভিযানে গত ত্রয় তিন মাসে মোট ১ লাখ ৪২ হাজার ৯৮৯ জনকে

গ্রেফতার করেছে বাংলাদেশ পুলিশ। এর মধ্যে বিশেষ অভিযানে গ্রেফতার হয়েছেন ৩৯ হাজার ২৬৭ জন এবং বিভিন্ন মামলা ও নিয়মিত অভিযানে

গ্রেফতার হয়েছেন ১ লাখ ২ হাজার ৭২২ জন। মঙ্গলবার (২৮ জুলাই) পুলিশ সদর দপ্তরে অনুষ্ঠিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি-প্রতিমন্ত্রীকে নিয়ে বিভ্রান্তিমূলক ফেসবুক পোস্ট, থানায় অভিযোগ

রাজাপুর প্রতিনিধি রাজাপুর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাজিজ উদ্দিন আহমেদ এবং প্রতিমন্ত্রী জিপি মুকুল হক নুরকে নিয়ে বিভ্রান্তিকর ও মানহানিকর পোস্ট দেয়ার অভিযোগে রাজাপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। সোমবার (২৭ জুলাই) রাতে অভিযোগটি দায়ের করেন রাজাপুর উপজেলার আদারিয়া গ্রামের বাসিন্দা ও উপজেলা গণ অধিকার পরিষদের সদস্য সুচিব মো. মনির হাউদাদার। অভিযোগে জগাইরহাট এলাকার বাসিন্দা মহিউল্লাহ মহিবেকে বিবাদী করা হয়েছে। অভিযোগপত্রে বলা হয়েছে, অভিযুক্ত ব্যক্তি দীর্ঘদিন ধরে তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে বিভিন্ন ব্যক্তি, রাজনৈতিক নেতৃবৃন্দ ও স্থানীয় বাসিন্দাদের ২ এর পাতায় দেখুন

সাড়ে ৭ বছরে সড়কে ঝরেছে ৭৩৬৪ জন শিক্ষার্থীর প্রাণ

কীর্তনখোলা ডেস্ক দেশে সড়ক দুর্ঘটনায় শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনা উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে। ২০১৯ সাল থেকে ২০২৬ সালের জুন মাস পর্যন্ত সাড়ে সাত বছরে সড়ক দুর্ঘটনায় মারা গেছেন ৭ হাজার ৩৬৪ জন শিক্ষার্থী, যা মোট নিহতের ১৫ দশমিক ১১ শতাংশ। এ সময়ে মোট মারা গেছেন ৪৮ হাজার ৭১৩ জন। মঙ্গলবার (২৮ জুলাই) রোড সেকিটি ফাউন্ডেশন এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। বিজ্ঞপ্তিতে জানানো হয়, সড়ক দুর্ঘটনায় শিক্ষার্থী নিহতের ঘটনা পর্যবেক্ষণে দেখা যায়, ৫ থেকে ১৭ বছর বয়সী স্কুল ও মাদরাসা শিক্ষার্থী নিহত হয়েছে ৩ হাজার ৩২৮ জন (৪৫ দশমিক ১৯ শতাংশ)। ১৮ থেকে ২৫ বছর বয়সী কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নিহত হয়েছে ৪ হাজার ৩৬ জন (৫৪ দশমিক ৮০ শতাংশ)। শিক্ষার্থীরা পথচারী হিসেবে যানবাহনের চাপা/পাকায় নিহত হয়েছে ১৯২৩ জন (২৬ দশমিক ১১ শতাংশ) যানবাহনের যাত্রী হিসেবে নিহত ৯২৭ জন (১২ দশমিক ৫৮ শতাংশ) মোটরসাইকেলের চালক ও আরোহী ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের বিক্ষোভে তিন দিনেও অফিসে আসতে পারেননি বরিশালের সিভিল সার্জন

কীর্তনখোলা রিপোর্ট শিক্ষার্থীদের অবস্থান কর্মসূচির কারণে তিন দিনেও নিজের কার্যালয়ে আসতে পারেননি বরিশালের নতুন সিভিল সার্জন মনিরুজ্জামান। আদোলের ধারাবাহিকতায় তৃতীয় দিনের মত মঙ্গলবার সকাল থেকে সিভিল সার্জন কার্যালয়ের

নিচতলায় অবস্থান নিয়ে নাগরিক সমাজের ব্যানারে বরিশাল বিএম কলেজ শিক্ষার্থীরা বিক্ষোভ শুরু করেন। তারা সিভিল সার্জনের কক্ষ তালাবন্ধ করে রেখেছেন। সোমবার সিভিল সার্জনের অপসারণ চেয়ে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক এবং জেলা প্রশাসকের কাছেও

দিয়েছেন শিক্ষার্থীরা। দুপুরে ঘটনাস্থলে গিয়ে দেখা গেছে, সিভিল সার্জনের দপ্তরের প্রবেশ মুখে অবস্থান করছে শিক্ষার্থীরা। কর্মসূচির মধ্যে বিভিন্ন কক্ষ কর্মকর্তা-কর্মচারীদের আন্দোলনকে পাওয়া যায়নি। যারা ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগজুড়ে ডেঙ্গুর বিস্তার একাধিকবার আক্রান্তে উদ্ভিন্ন রোগীরা

কীর্তনখোলা রিপোর্ট বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে বারবার আক্রান্ত হয়ে পড়ার বিষয়ে বলতে গিয়ে উদ্ভিন্ন হয়ে পড়েন তার মা। তিনি বলেন, রাস্তাঘাট তেমন ভালো না। ময়লা-আবর্জনা ও জমে থাকা পানির কারণে

শয্যায় থাকতে হচ্ছে তাকে। অসুস্থতার কারণে বসতে পারেননি চলমান এইচএসসি পরীক্ষায়। পৌর শহরের বাসিন্দা হলেও এলাকায় কখনো নিয়মিত মশক নিধন কিংবা পরিচ্ছন্নতা অভিযান চোখে পড়েনি বলে

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ বিভাগের একই চিরা পিরোজপুরের স্বরূপকাটির তরুণ মুরসালিনের ক্ষেত্রেও। ডেঙ্গুর খাবার হাসপাতালের

বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ বিভাগের সারকার হাসপাতালগুলোতে। দূর-দূরান্ত থেকে চিকিৎসা নিতে এসে ২ এর পাতায় দেখুন

ছাত্রদল ও জাসাস নেতাকে ক্রসফায়ার দুই আসামিকে ‘মাইনাস’ করার কথা বলেছিলেন এসপি

কীর্তনখোলা ডেস্ক ২০১৫ সালের ফেব্রুয়ারিতে বরিশালের তৎকালীন পুলিশ সুপার (এসপি) এ কে এম এহসানউল্লাহ শ্রেষ্ঠার দুই আসামিকে ‘মাইনাস’ করতে বলেছিলেন বলে জানানবন্দিতে উল্লেখ করেছেন সাক্ষী এসএসআই মো. রাজু আহমেদ। জানানবন্দিতে তিনি বলেন, বরিশালের আশুলকাবাড়ি থানার তৎকালীন উপপরিদর্শক (এসআই) মোস্তাফিজুর রহমানকে এহসানউল্লাহ বলেছিলেন, ‘মোস্তাফিজ, ঢাকায় দুজন আসামি ধরা পড়েছে। তাঁদের নিয়ে অভিযানে যেতে হবে। অভিযানে গোলাগুলি হতে পারে এবং আসামি দুজনকে মাইনাস করা লাগতে পারে।’ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এ মঙ্গলবার এমন জানানবন্দি দেন এসএসআই রাজু আহমেদ। ছাত্রদল ও জাসাসের দুই নেতাকে ক্রসফায়ার দেওয়ার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় সন্তুষ্ট সাক্ষী হিসেবে তিনি জানানবন্দি দেন। ২০১৪ সালের ১৯ ডিসেম্বর থেকে ২০১৫ সালের ২ এর পাতায় দেখুন

সাবেক সংসদ সদস্য গোলাম সরোয়ার হিরু আর নেই

বরগুনা প্রতিনিধি বরগুনা-২ (পাখরঘাটা, বামনা ও বেতাগী) আসনের সাবেক সংসদ সদস্য গোলাম সরোয়ার হিরু আর নেই। সোমবার (২৭ জুলাই) ২ এর পাতায় দেখুন

‘জুলাই ছিলো আগুনমাখা, জুলাই ছিলো রক্ত’

মৌমিতা বিনতে মিজান

২০২৪ সালের ২৯ জুলাই রাষ্ট্রীয় শোক প্রত্যাহ্বান করবে মুখে ও চোখে লাল কাপড় বেঁধে ছবি তোলা এবং অনলাইনে তা ব্যাপক ভাবে প্রচারের কর্মসূচি ঘোষণা করে বৈশ্বম্যবিরোধী ছাত্র আন্দোলন। বৈশ্বম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক

জুলাই কর্নার

মাহিন সরকার সোমবার রাত সাড়ে নয়টার দিকে গণমাধ্যমকর্মীদের খুদে বার্ভা পাঠিয়ে নতুন কর্মসূচির কথা জানান। কর্মসূচি ঘোষণার পর দিবাগত রাত ১২টা থেকে এ কর্মসূচি পালন করতে শুরু করে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। এই কর্মসূচি ঘোষণার পর অনেক তারকাও ৩ এর পাতায় দেখুন

কবীর্ভনাখাণা

আবুত্বাঈব প্রতীক

মস্মাদকীয়

নিয়ন্ত্রণে ব্যাপক পদক্ষেপ নিন

সারা দেশেই আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে শঙ্কা সৃষ্টি হয়েছে। খুন, ধর্ষণ, ডাকাতি, লুটপাট, জিনতাইয়ের মতো ঘটনায় জনজীবনে আতঙ্ক বিরাজ করছে। এ ছাড়া এলাকায় আধিপত্য বিস্তার, টাঁদাবাজি, মাদক কারবাবের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব থেকেও খুনখারাবির অনেক ঘটনা ঘটছে। প্রতিদিনই গণমাধ্যমে এমন অনেক খবর প্রকাশিত হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়, রাজধানীর অপরাধজগৎ নিয়ন্ত্রণকারী আভারওয়াজের শীর্ষ সন্ত্রাসীদের নিয়ন্ত্রণে অর্ধশতাধিক শ্যুটার বা পোশাদার হত্যাকারী সক্রিয় রয়েছে বলে তথ্য পেয়েছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গোয়েন্দা কর্মকর্তাদের ভাষ্য, সাম্প্রতিক সময়ে শীর্ষ সন্ত্রাসী খন্দকার নাদিম আহমেদ টিটন, তারিক সাহিফ মামুন, ইয়াছিন খান ওরফে কাইদা পলাশসহ অন্তত ১১ জনকে পরিকল্পিতভাবে গুলি করে হত্যা করা হয়েছে। এসব হত্যাকাণ্ডের পেছনে এলাকায় আধিপত্য বিস্তার, টাঁদাবাজি, মাদক কারবাবের নিয়ন্ত্রণ এবং অপরাধী গোষ্ঠীগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব কাজ করেছে বলে তদন্তে উঠে এসেছে। তদন্তসংশ্লিষ্ট সূত্র বলছে, জামানে থাকা শীর্ষ সন্ত্রাসীরা আড়ালে থেকে পরিকল্পনা ও নির্দেশনা দিয়ে হত্যাকাণ্ডে যত্নাচ্ছে। তাদের প্রত্যেকেরই আলাদা ‘শ্যুটার’ বা ‘কিলার গ্রুপ’ রয়েছে। এসব গ্রুপের সদস্যদের কাছে ছোট ও ‘হাল্কাভূই’ ধরনের আগ্নেয়াস্ত্রই রয়েছে। গোয়েন্দাদের আশঙ্কা, নিকট ভবিষ্যতে তারা এ ধরনের আরো পরিকল্পিত হত্যাকাণ্ড ঘটাতে পারে। দেশের বাইরে থেকেও অনেক হত্যাকাণ্ডের নির্দেশ প্রদান করা হয়েছে। তদন্তসংশ্লিষ্ট ডিবি সূত্রের দাবি, টিটন হত্যাকাণ্ডের নির্দেশ বিদেশ থেকে এসেছে। ঘটনার প্রায় তিন মাস পর টিটন হত্যা মামলার এজাহারভুক্ত আসামি ভাঙ্গারি রনি ওরফে রনিকে একটি বিনেশি পিস্তলসহ গ্রেপ্তার করেছে ডিবি। ডিবির কর্মকর্তারা বলছেন, রনি শীর্ষ সন্ত্রাসীরাে একটি কিলার গ্রুপের সদস্য এবং পোশাদার সন্ত্রাসী বলে তদন্তে তথ্য মিলেছে। হত্যা, হামলাসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডে সে নির্দেশ বাস্তবায়নের দায়িত্ব পালন করত বলে ধারণা করা হচ্ছে। অন্যদিকে রায়-২ মির্জা শেখ নামের আরেক শীর্ষ সন্ত্রাসীকে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে সন্ত্রাস, ভর দেখিয়ে টাঁদাবাজি, মাদক কারবারসহ ২৯টি মামলা রয়েছে। গতকাল গণমাধ্যমে প্রকাশিত ববর অনুযায়ী, সীমান্ত দিয়ে বিভিন্ন ধরনের মাদক ও অস্ত্রের চোরাচালান দেশে প্রবেশ করছে। মাদকের কারবার প্রত্যন্ত গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়েছে। মাদক কারবাবের নিয়ন্ত্রণ নিয়ে যেমন খুনখারাবি বাড়ছে, তেমনি মাদকাসক্তরা মাদক কোরার অর্থ জোগাতে অস্বহগ, জিনতাই, চাঁদাবাজিসহ নানা ধরনের অপরাধে জড়িয়ে পড়ছে। এ ছাড়া সারা দেশেই কিশোর গ্যাংয়ের অত্যাচার চলে বেড়ছে। বেড়ছে মোটরসাইকেলসহ বানবাহন চুরি, জিনতাইয়ের ঘটনা। অজান পাটি, মলম পাটি এবং নানা ধরনের প্রতারকত্বের কর্মকাণ্ডও সাধারণ মানুষের জীবনযাত্রা দুর্বিষহ করে তুলেছে। আমরা আশা করি, অপরাধ দমনে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীগুলোর কর্মকাণ্ড ব্যাপক করা হবে। একই সঙ্গে গোয়েন্দা নগরদ্বারি বাড়াতে হবে। মাদক ও অস্ত্রের চোরাচালান রোধে সীমান্তে ব্যাপক চাকরুজি আরোপ করতে হবে।

রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে

সঙ্গে প্রাথমিক আলোচনা হয়েছে, নির্দক্ষ চূড়ান্ত হয়নি; যথাসময়ে জোটের সময় জানানো হবে। মঙ্গলবার (২৮ জুলাই) বেলা ১১টায় সংসদ ভবনে ঘণ্টাব্যাপী নৈতিক শেষে সংসদ ভবনে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। নির্বাচন কমিশনার আদুর রহমানেল মাছউদ, আলোয়ালুই ইসলাম সরকার ও তাহমিনা আহমদ নৈটকে উপস্থিত ছিলেন। এসময় সংসদ সচিব ও সংসদ সচিবালয় সচিবও ছিলেন সেখানে। নৈটকে শেষে রাষ্ট্রপতি নির্বাচনের আইনের প্রসঙ্গ টেনে দিছি বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের আবে জাতীয় সংসদের স্পিকারের সঙ্গে পরামর্শধর্মে নিনিক্ষণ টিক করতে কাজ বলা আছে। সেজন্য ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে সাক্ষাৎকালে প্রাথমিকভাবে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে নির্বাচনের নির্দক্ষ্য এখানে চূড়ান্ত হয়নি। এটি চূড়ান্ত হলে জানানো হবে। জাতীয় সংসদ অধিবেশনে থাকলে এ নির্বাচন একভাবে হবে আর না থাকলে আরেক ধরনের ব্যবস্থা রয়েছে। তিনি বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য কমিশন গুরুত্ব। কমিশন সভায় আলোচনা করে পরবর্তী কর্মসূচি টিক করবে। এক প্রশ্নের জবাবে সিহিস বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের জন্য কমিশন পুরোপুরি প্রস্তুত। সংসদ সচিবালয়ে এ নির্বাচনের জোটার সচিবকা দেবে। এজন্য নির্বাচন কমিশন চিঠিও দিয়েছে। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের বিদায়ের পর নতুন রাষ্ট্রপ্রধান নির্বাচনের প্রক্রিয়া শুরু করেছে নির্বাচন কমিশন। গুরুত্বক অসুহৃতার কথা জানিয়ে গত ২৪ জুলাই রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেন। সংবিধান অনুযায়ী স্পিকার হাফিজ উদ্দিন আহমদ পরবর্তী রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত দায়িত্ব পালন করছেন। আা সেই পর্যন্ত স্পিকারের দায়িত্ব সামলাচ্ছেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। রাষ্ট্রপতি পদত্যাগের পরবর্তী ৯০ দিনের মধ্যে নির্বাচন করার সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে। প্রথা অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়ে ভারপ্রাপ্ত স্পিকার কায়সার কামালের সঙ্গে মঙ্গলবার প্রাথমিক আলোচনা করে নির্বাচন কমিশন। সিহিস এ এম এম নাসির উদ্দীন জানান, নির্বাচন কমিশন এবার ‘রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১’ অনুযায়ী তফসিল যোগ্যতা করে ইসি। রাষ্ট্রপতি নির্বাচনে জোটার হন সংসদ সদস্যরা। সিহিস থাকেন রাষ্ট্রপতি নির্বাচনের ‘নির্বাচন কর্তা’। নির্বাচন কমিশন তফসিল যোগ্যতা করলে তাতে মনোনয়নপত্র জমা, বাছাই, প্রার্থিতা প্রত্যাহার ও জোটের তারিখ এবং স্থান থাকবে; সিহিস কার্যালয়ে এসব কাজ হবে।

ভারত-আমেরিকার আধিপত্য

'আমরা কারও আধিপত্য মেনে নেব না। আমরা ভারতের আধিপত্য মেনে নেব না, আমেরিকার আধিপত্য মেনে নেব না। বাংলাদেশ স্বাধীন-সার্বভৌমজাত ঠার পররাষ্ট্রনীতি নির্ধারণ করবে।' মঙ্গলবার দুপুরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে জুলাই গণ-অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে জাতীয় ছাত্রশক্তি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত ‘জুলাই গণ-অভ্যুত্থান: স্ক্রলিঙ্গ থেকে চলমান বিপ্লব’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নারিড ইসলাম বলেন, জুলাই গণ-অভ্যুত্থান একটি চলমান বিপ্লব। এর মূল লক্ষ্য ছিল গণতন্ত্র প্রতিষ্ঠা, জন্গণদের জোটধাক্কির নশ্চিত করা এবং রাষ্ট্র সংস্কার বাস্তবায়ন। এনিসিগির এ নেতা বলেন, নির্বাচনের মাধ্যমে সরকার গঠিত হলেও জুলাই গণ-অভ্যুত্থানের গুণারায় ও সংস্কারের প্রত্যঙ্গা এখনো পুরোপুরি বাস্তবায়িত হয়নি। তাই জুলাই সনদ বাস্তবায়ন এবং জোটধিকার রক্ষায় তরুণদের সচেতন থাকার আহ্বান জানাই। পররাষ্ট্রনীতি প্রসঙ্গে নারিদ বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের অন্যতম অনুপ্রেরণা ছিল একটি স্বাধীন ও সার্বভৌম পররাষ্ট্রনীতি প্রতিষ্ঠা করা। সীমান্তে হত্যাকাণ্ড বন্ধ, অশ্বেশ পুশ ইন রোয় এবং অভিন্ন নদীর পানির ন্যায্য হিস্যা আদায়ের বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন। কর্মসংস্থান প্রসঙ্গে এনিসিগি আহ্বায়ক বলেন, রাষ্ট্র ও বিশ্ববিদ্যালয়ের তরুণদের কর্মসংস্থান নিশ্চিত করতে হবে। সরকার ১৮ মাসে এক কেলি কর্মসংস্থানের যে প্রতিশ্রুতি দিয়েছে, তা বাস্তবায়নে সক্ষম হলে সবাই খুশি হবে বলেও শুভব্য করেন তিনি। বিশ্ববিদ্যালয় সংস্কারের ওপর গুরুত্বারোপ করে নারিড ইসলাম বলেন, শুধু অবকাঠামো উন্নয়ন নয়, বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক মূল্যবোধ, একাডেমিক সংস্কৃতি, শিক্ষক ও উপাচার্য নিয়োগে স্বচ্ছ ও গণতান্ত্রিক প্রক্রিয়া নিশ্চিত করা প্রয়োজন। প্রশাসনের ব্যক্তিগত রাজনৈতিক মতাদর্শ থাকতে পারে, তবে দায়িত্ব পালনের ক্ষেত্রে তাদের অবশ্যই নিরপেক্ষ ও শিক্ষাধীবাদ্ধর হতে হবে।

?জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিদ্যায় ক্যাম্পাসের দারি প্রচি সমর্দন জানিয়ে নারিদ বলেন, দ্রুত সময়ের মধ্যে সেই ক্যাম্পাসে গিয়ে জুলাই গণ-অভ্যুত্থান নিয়ে আলোচনা করার আশা করেন তিনি। একই সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে এ বিষয়ে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

রাষ্ট্রপতি হওয়ার খবর

মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (২৮ জুলাই) দুপুরে ঠাকুরগাঁও জেলা প্রশাসক কার্যালয়ে আয়োজিত এক মাদকবিরোধী সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। মাদক প্রসঙ্গে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, আমরা মাদকবিরোধী অভিযান ঠাকুরগাঁও জুকে করেছি সবাইকে সম্পৃক্ত করে। আমাদের জেলা প্রশাসক, জেলা পুলিশ সুপার থেকে শুরু করে আমাদের যত সরকারি কর্মকর্তা আছেন, স্কুলগুলো আছে, কলেজগুলো আছে, রাজনৈতিক দল আছে,

সাংবাদিকদের প্রতিশ্রুতগুলো আছে সবাইকে নিয়ে এই মাদকবিরোধী অভিযানকে আমরা একটি সামাজিক আন্দোলনে পরিণত করতে চাই। মাদক নির্মূলে সামাজিক সচেতনতার গুরুত্ব তুলে ধরে তিনি আরও বলেন, এটা ছাড়া আমি মানে করি, বিকল্প কোনো পথ নাই। শুধু আইন করে, শাস্তি দিয়ে মাদককে নির্মূল করা সম্ভব না। আমি বিশ্বাস করি আমরা ঠাকুরগাঁওতে যে পদক্ষেপ নিতে যাচ্ছে, সেই পদক্ষেপগুলোর ফলে আমরা কিছুটা ইতিবাচক ফল লাভ করব অবশ্যই। এ সময় উপস্থিত সাংবাদিকদের উদ্দেশে মন্ত্রী বলেন, আমরা চাই আপনারা এ ব্যাপারে ইতিবাচক ভূমিকা পালন করবেন এবং এই প্রচারটা করবেন, এর মূল কাজটা হচ্ছে প্রচার করা যে মাদক খারাপ জিনিস, মাদক ব্যবহার করা উচিত না। এভাবেই আমাদের নিজেদেরকে এগোতে হবে।

২৬ টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক :

কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। কমিটিতে বুয়েটের একজন, সায়েন্স ল্যাবরেটরির একজন ও বিএসটিআই’র একজন বিশেষজ্ঞকে রাখতে বলা হয়েছে। স্বাস্থ্য সচিব ও বিএসটিআই কর্তৃপক্ষকে এই কমিটি গঠন করতে বলা হয়েছে। ১৫ দিনের মধ্যে এই কমিটিকে আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। মঙ্গলবার (২৮ জুলাই) বিচারপতি খিদির আহমেদ টৌদুরী ও বিচারপতি মো. জিয়াউর হকের হাইকোর্ট বঞ্চে এ আদেশ নেন। একইসঙ্গে টুথপেস্টের মধ্যে “ক্ষতিকর” মাইক্রোপ্লাস্টিক রোধে কার্যকর ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। আদালতে রিটের পক্ষে ত্তানি মল্লিক সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মো. আবদুল্লাহ আল মামুন। এও আগে সোমবার (২৭ জুলাই) শেখের রাজারে ৩৪ টুথপেস্টের মধ্যে ২৬টিতে “ক্ষতিকর” মাইক্রোপ্লাস্টিক পাওয়ার ঘটনায় তদন্ত চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়। আইজীবী মো. আবদুল্লাহ আল মামুন এ রিট দায়ের করেন। স্বাস্থ্য সচিব, পরিবেশ সচিব, বাণিজ্য সচিব, বিএসটিআইসহ সংশ্লিষ্টদের রিটে বিনবীি হয়। পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে পল্লীকা করা ৩৪টি টুথপেস্টের মধ্যে ২৬টিতে মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি পাওয়া গেছে। প্রতি ১০০ গ্রাম টুথপেস্টে এসব ক্ষুদ্র প্লাস্টিক করার সংখ্যা ছিল ২০ থেকে ৩২০টি পর্যন্ত। শিশুদের জন্য তৈরি ছয়টি টুথপেস্টের চারটিতেই মাইক্রোপ্লাস্টিক শনাক্ত হয়েছে। এনায়দরনমেন্ট অ্যান্ড সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের (ইএসডিও) নতুন এক গবেষণায় এসব তথ্য উঠে এসেছে। গবেষণাকারী বলছেন, থালাবাতের মাইক্রোপ্লাস্টিকের উপস্থিতি মানবস্বাস্থ্য ও পরিবেশের স্বাস্থ্যে ঝুঁকি নিয়ে গুরুতর উদ্বেগ তৈরি করছে। গবেষণার জানান, কোনোভাবেই টুথপেস্টে মাইক্রোপ্লাস্টিক বাস্তে পারে না। ‘মাইক্রোপ্লাস্টিকস ইন টুথপেস্ট : স্যানিটিকিৎ এডিভেল্‌ ফর পলিসি অ্যান্ড রেগুলেটরি আকশন ইন বাংলাদেশ’ শীর্ষক গবেষণায় রবেদার (২৬ জুলাই) রাজধানীর ভালমাটিয়ায় ইএসডিওর কার্যালয়ে প্রকাশ করা হয়। ২০২৫ সালের জুলাই থেকে ২০২৬ সালের জুন পর্যন্ত পরিচালিত গবেষণায় ১৯টি প্রধান ব্রান্ডের ৩৪টি টুথপেস্টের নমুনা পরীক্ষা করা হয়। এগুলো বাংলাদেশ, ভারত, থাইল্যান্ড ও চিলেতনামে উপাদিত। দেশে তৈরি ২৫টি নমুনার মধ্যে ২২টিতেই মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। এছাড়া ভারতের পাঁচটি নমুনার একটিতে, থাইল্যান্ডের দুটি নমুনার একটিতে এবং চিলেতনামে তৈরি দুটি নমুনার দুটিতেই মাইক্রোপ্লাস্টিক শনাক্ত হয়েছে। গবেষণায় অন্তর্ভুক্ত ৩৪টি নমুনার ছয়টি ছিল শিশুদের টুথপেস্ট। এর মধ্যে চারটিতে প্রতি ১০০ গ্রামে ২০ থেকে ১৪০টি মাইক্রোপ্লাস্টিক কথা পাওয়া গেছে। গবেষণার ফলাফল উপস্থাপন করে ইএসডিওর রিসার্চ অ্যান্ড পলিসি অ্যাসোসিয়েট ড. ফয়জুল নাহার জানান, খুচরা দোকান, সুপারমার্কেট ও পাইকারি বাজার থেকে নমুনাগুলো সংগ্রহ করা হয়েছিল। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরির অব পরামর্শরনমোটাল হেলথ অ্যান্ড ইকোটরিস্কোজিগে নেথোলা পলীকা করা হয়। তিনি জানান, পরীক্ষা করা টুথপেস্টের ৭৬ দশমিক ৫ শতাংশে মাইক্রোপ্লাস্টিক পাওয়া গেছে। আটটি নমুয়ায় শনাক্তযোগ্য মাত্রায় মাইক্রোপ্লাস্টিক পাওয়া যায়নি।

সাড়ে ৭ বছরে সড়কে ঝরেছে

হিসেবে নিহত ৩৮৪১ জন (২২ দশমিক ১৫ শতাংশ) বাইহাইকেল ও রিক্সা আরোহী হিসেবে নিহত ৫১৯ জন (৭ দশমিক ৯০ শতাংশ)। অটোরিকশার ঢাকায় ওড়না/পোশাক পট্টিয়ে নিহত ১৫৪ জন (২ দশমিক ০৯ শতাংশ)। মহাসড়কে ১৪৮২ জন (২০ দশমিক ১২ শতাংশ)। আঞ্চলিক সড়কে ২১৪৯ জন (২৯ দশমিক ১৮ শতাংশ)। শহরের সড়কে ১৭৮৩ জন (২৪ দশমিক ২৫ শতাংশ)। গ্রামীণ সড়কে নিহত ১৯৪৭ জন (২৬ দশমিক ৪৩ শতাংশ)। সড়কভিত্তিক পথচারী নিহতের জি-জাতীয় মহাসড়কে ২৫১ জন (১৩ দশমিক ০৫ শতাংশ)। আঞ্চলিক সড়কে ৪০৯ জন (২১ দশমিক২৩ শতাংশ)। শহরের সড়কে ৫৩৭ জন (২৭ দশমিক ৯২ শতাংশ)। গ্রামীণ সড়কে ৭২৬ জন (৩৭ দশমিক ৭৫ শতাংশ)।

ভারতে মুসলিম নেতার প্রতিষ্ঠিত

স্থানীয় প্রশাসন। ব্রিটিশবিরোধী আন্দোলনের প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী মোহাম্মদ আলী জওহরের নামে ২০০৩ সালে‘ মোহাম্মদ আলী জওহর ট্রাস্ট’ গঠন করেছিলেন মহাবাহাদুর সানজবর্দী। তার প্রাণী সমুলি পরিচালিতবদি আজম খান। এর তিন বছর পর ২০০৬ সালে রামপুরে ২৫০ একর জমির ওপর এই বিদ্যমানল্যাটি আট্টানিকিভাবে প্রতিষ্ঠিত হয়। গত ১৫ জুলাই, যখন দিল্লির যত্নর মন্ত্রক করছেজাত জনতা পার্টির (সিজেপি) বন্যারের তরুণদের আদালত প্রসঙ্গে ছিল, টিক তখনই রামপুর উন্নয়ন কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ার অধিকাংশ ভবন ভেঙে ফেলার নোটশ জারি করে। কর্তৃপক্ষের দাবি, ভবনগুলো নির্মাণে নিঃসঙ্গকারী সংস্থার মূল নিয়মাবলি ও গাইডলাইন সম্পূর্ণ লঙ্ঘন করা হয়েছে। রামপুর প্রশাসনের দাবি অনুযায়ী, বিশ্ববিদ্যালয় চত্বরের কেবল দুই ভবন বৈধ অনুমোদন দিয়ে তৈরি করা হয়েছে। ফলে বাকি ৩৮টি ‘অবৈধ’ ভবন আশ্রমি ৫ আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নিজেদের মধ্যে চেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়। তা নাহলে বুলডোজার নিয়ে প্রশান নিজে ভবনগুলো ভেঙে ফেলবে ও তার সম্পূর্ণ খরচ বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে আদায় করা হবে বলে ঊর্শিয়ারি দেওয়া হয়। পরে সোমবার (২৭ জুলাই) রাজ্য প্রশাসন এই জ্ঞতার নির্দেশের ওপর একটি নির্দেশটীকালীন সিগিদেশনে জারি করে। তবে এতে উচ্ছেদ অভিযান বা বুলডোজার চালানো পুরোপুরি বাতিল করা হয়েছে কি না, তা স্পষ্ট করে বলা হয়নি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ডিসি) জহিরুদ্দিন কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরাকে জানান, এই স্থগিতান্তলের মানে উচ্ছেদ বাতিল হওয়া নয়। তিনি বলেন, এর অর্থ হলো রামপুর উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিও) নির্ধারিত ৫ আসন্টের শেষ দফার মধ্যে ভবনগুলো ভাঙা হবে না। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখন আইনি লড়াই চালিয়ে আদালত থেকে এই উচ্ছেদ আদেশটি পুরোপুরি বাতিল বা বাতিল যোগ্যতার আর্জি জানাচ্ছে।

বিশেষ ও নিয়মিত অভিযানে তিন মাসে

জানানো হয়। বিজ্ঞতিতে বলা হয়, গত ১ ম থেকে ২৭ জুলাই পর্যন্ত দেশের বিভিন্ন এলাকায় এবাব অভিযান পরিচালনা করা হয়েছে। এ সময়ে পুলিশ ৩২৫টি আয়োজ্ঞ, ২ হাজার ৮১০ রাউন্ড গুলি ও কাঁড়জ, ১০৩টি ম্যাগাজিন, ৪৬টি কন্টেইল, প্রায় ২ দশমিক ২৫ কেজি গানপাউডার, ৬৩৮টি দেশীয় অস্ত্র, ১৮টি অস্ত্রের যন্ত্রাস্ত্র, ১৭টি অস্ত্র ও বোমা তৈরির সরঞ্জাম এবং ১০ হাজার ৩০০টি চকলেট বোমা উদ্ধার করছেন। পুলিশ সদর দপ্তরের মুখপাত্র ও সরকারী মহাপরিদপ্তক (এআইজি) এএইচএম শাহায্যত হোয়াইন জানান, অভিযান হওয়া আগ্নেয়াস্ত্রের মধ্যে রয়েছে ১০১টি পিস্তল, ৩৫টি উত্তারান, ৩৮টি গুলি, ১৯টি রিজলভার, ৯২টি বন্দুক, ১৫টি পাইপগান, ৭টি শটগান, ৩টি রাইফেল, ২টি এসআইফ, ১২টি এয়ারান্ন এবং একটি পেনগান। এ ছাড়া একই সময়ে মাদকবিরোধী অভিযানে ১১ লাখ ২২ হাজার ৯৯৬ পিস ইয়াবা, ৯ হাজার ৮০টি পুরিয়া হেরোইন, ৪ হাজার ৯৫ বোতল ফেনসিডিল, ৮ হাজার ১১ বোতল বিনেশি মদ, ৪২৩ বোতল দেশি মদ, ৮ হাজার ৫৫২ পুরিয়া গাঁজাসহ বিভিন্ন ধরনের মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। এসব ঘটনায় ১৭ হাজার ৬৬টি মামলা করা হয়েছে এবং ২৪ হাজার ৮২১ জনকে গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ সদর দপ্তর।

রাষ্ট্রপতি-প্রতিমন্ত্রীকে নিয়ে বিভ্রান্তিমূলক

নিয়ে মিথ্যা, বায়োটি ও ভিত্তিহীন তথ্য প্রচার করে আসছেন। অভিযোগকারী দাবি করেন, একাধিকবার সতর্ক করার পরও অবজ্ঞায় এ ধরনের পোস্ট এখন অব্যাহত রাবেন। অভিযোগ অনুযায়ী, গত ২৬ জুলাই রাত আনুমানিক ১০টার দিকে অতিমুক্ত তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উল্হকমদ এবং প্রথমন্ত্রী ভিপি নুজল হক নুরকে নিয়ে একটি পোস্ট প্রকাশ করেন।

অভিযোগকারীর দাবি, পোস্টটিতে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হয়। পরে স্থানীয় লোকজন পোস্টটি অপসারণের অনুরোধ জানানলে অভিযুক্ত অভিযোগকারী, তার পরিবার এবং অন্যান্যের অশালীন ভাষায় গালিগালাজ ও খুন-জখমের হুমকি দেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। এ ঘটনার সূত্ধ তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানানো হয়েছে। অভিযোগ দায়েরের সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব অধিকার পরিষদের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ রাসেল মুন, রাজাপুর উপজেলা গণ অধিকার পরিষদের সদস্য সচিব মো. মনির হাওলাদার, উপজেলা গণ অধিকার পরিষদের যুগ্ম আহ্বায়ক মহিউদ্দিন হাওলাদার এবং বালকাঠি জেলা ছাত্র অধিকার পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক আলমিন সাজু। এ বিষয়ে অভিযুক্ত মহিবুল্লাহ মহিহের বক্তব্য পাওয়া যায়নি। রাজাপুর থানার এসআই মিরাজুল ইসলাম জানান, অভিযোগটি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সাবেক সংসদ সদস্য গোলাম

দিবাগত রাত দেড়টার দিকে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইহকাল করেন (ইয়া লিল্লাহি ওয়া ইয়া ইলাহিহি রাজিউন)। বিষয়টি নিশ্চিত করেছেন তাঁর সহধর্মিণী ও কালমেথা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বেগম নূর অফসেজ হেপী। তিনি পরিবার, আত্মীয়স্বজন, সংস্খা শুভাকাঙ্ক্ষী ও গুণগ্রাহী রমেনে গেলেন। তিনি ১৯৪৯ সালের ৩০ আগস্ট বরগুনার পাথরঘাটা উপজেলার কালমেথা ইউনিয়নে জন্মগ্রহণ করেন। পারিবারিক সূত্রে জানা গেছে, তিনি দীর্ঘদিন ধরে বার্ষকাজনিত নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন। শারীরিক অবস্থার অবনতি হলে তাঁকে রাজধানীর বারডেম হাসপাতালে ভর্তি করা হল। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। গোলাম সরোয়ার হি়ক বরগুনার রাজনীতির সুপরিচিত মুখ ছিলেন। ১৯৯৬ সালের সত্তম জাতীয় সংসদ নির্বাচনে ইসলামী একাডেমীর প্রার্থী হিসেবে বরগুনা-২ আসনে থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়ে জাতীয় রাজনীতিতে পরিচিতি লাভ করেন। এর আগে তিনি পাথরঘাটা উপজেলার কালমেথা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করে। সংসদ সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে তিনি এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড ও জনসম্পৃক্ত রাজনৈতিক কার্যক্রমে সক্রিয় ভূমিকা রাখেন। তবে তাঁর রাজনৈতিক জীবন ছিল বেশে তেজিভ্রাম্য। ইসলামী একাডেমীর উপ মাধ্যমে সংসদে নির্বাচিত হওয়ার পর বিভিন্ন সময়ে তিনি বিএনপি, আওয়ামী লীগ এবং ইসলামী আন্দোলন বাংলাদেশের রাজনীতি সরে সম্পৃক্ত ছিলেন। রাজনৈতিক দল পরিবর্তনের কারণে তিনি একাধিকবার আলোচনায় আসেন। ২০১৩ সালে বরগুনা-২ আসনের উপনির্বাচনে ইসলামী আন্দোলন বাংলাদেশের হাতপাখা প্রতীক নিয়ে সংগ্রাম্ধর করে দ্বিতীয় স্থান অর্জন করেন। পরে ২০২৩ সালের জাতীয় সংসদ নির্বাচনেও সামনে রেখে আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী হওয়ায় বিষয়টি স্থানীয় ও জাতীয় রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্য দেয়। দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি সাধারণ মানুষের সঙ্গে নিবিড় যোগাযোগ বজায় রেখেছিলেন। সমর্থকদের কাছে তিনি ‘আত্মভাঙন’, ‘স্পষ্টভাষী’ ও সাদবী রাজনীতিক হিসেবে পরিচিত ছিলেন। তবে রাজনৈতিক অবস্থান পরিবর্তনের কারণে বিভিন্ন সময়ে তারোপস্থিত ও মুখেমুখি হয়েছেন। সব মিলিয়ে বরগুনার রাজনীতিতে তাঁর উপস্থিতি ছিল উল্লেখযোগ্য। তাঁর মৃত্যুতে বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি এবং সর্বস্তরের মানুষ তাঁর মৃত্যুতে পূজীর শোক প্রকাশ করেছেন। তাঁরা মরহমের রুহের মাগফিলাত কান্না করে শোকসম্পত্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন।

দুই আসামিকে ‘মাইনাস’

৬ জুলাই পর্যন্ত আগৈলঝাড়া থানায় এসএসআই হিসেবে কর্মরত ছিলেন রাজু আহমেদ। বর্তমানে তিনি কুড়িগ্রামের ফুলবাড়ি থানায় এসএসআই হিসেবে কর্মরত আছেন। ২০১৫ সালের ২১ ফেব্রুয়ারি আগৈলঝাড়া উপজেলা ছাত্রদলের তৎকালীন যুগ্ম সাধারণ সম্পাদক টিপু হাওলাদার এবং একই উপজেলার জাতীয়তাবাদী সামাজিক-সাংস্কৃতিক সংস্থা জাসাদের সাংগঠনিক সম্পাদক কবির মোহাম্মকে ক্রসফায়ার দেওয়া হয়। এ ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলয়া চার আসামির মধ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য (এমপি) আবুল হাসানাত আবদুল্লাহ এবং বরিশালের সাবেক পুলিশ সুপার (এসএসআই) মো. মাহাবুব ইসলাম ও মো. জসিম উদ্দিন (গ্রেপ্তার হয়ে কারাগারে আছেন। ঘটনার বর্ণনা দিয়ে জবানবন্দিতে রাজু আহমেদ বলেন, ২০১৫ সালের ২০ ফেব্রুয়ারি এসআই মোস্তাফিজুর রহমান ও তিনি আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওসি) কর্তৃক যান। ওসির কর্তৃক তৎকালীন এসপি হোসেনউল্লাহকে বসে থাকতে দেখতে পান। তখন হোসেনউল্লাহ মোস্তাফিজকে এই আসামিকে মাইনাস করার কথা বলেন। এসময়ই মোস্তাফিজুর এ কাজ করতে অধীকার করেন উল্লেখ করে জবানবন্দিতে রাজু আহমেদ বলেন, তখন তৎকালীন এসপি হোসেনউল্লাহ তাঁকে (সাক্ষী রাজু) জিজ্ঞাসা করেন, ‘তুমি পারার নাপি’ এর জবাবে তিনি বলেন, ‘স্যার আমি নতুন মানুষ’। তখন হোসেনউল্লাহ বলেন, ‘বেটা মফিজের বাচ্চা মফিজ, হাঁটুর নিচে বুদ্ধি তোমার। তোমারা কীভাবে চাকরি কর আমি দেখে নিব’। পরদিন সকালে তিনি সনতে পান, উভিরপর থানা থেকে দুজন পুলিশ সদস্যকে এসি এই আসামিকে ক্রসফায়ার দেওয়া হয়েছে। এই মাল্যায় ৬ নম্বর সাক্ষী হিসেবে জবানবন্দি দেন পরিদপ্তর মনোরঞ্জন মিল্লি। তিনি ২০১৪ সালের ৮ ডিসেম্বর থেকে ২০১৫ সালের জুন পর্যন্ত আগৈলঝাড়া থানায় এসসআই হিসেবে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি কুড়িয়ার কোর্ট ইন্সপেক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন। জবানবন্দিতে মনোরঞ্জন মিল্লি বলেন, ২০১৫ সালের ২০ ফেব্রুয়ারি সন্ধ্যায় তৎকালীন এসপি হোসেনউল্লাহ আগৈলঝাড়া থানায় এসে ওসির কর্তৃক বলেন। পরে তাঁকে ডাকা হলে তিনি যান। এসপি তাঁকে বলেন, ‘এমপি আবুল হাসানাত আবদুল্লাহর একটি কাজ করে দিতে হবে। রাতে অভিযান আছে, ক্রসফায়ার দিতে হবে।’ তিনি অপারগতা প্রকাশ করলে এসপি তাঁকে বলেন, ‘শালা তুমি এমপি সাহেবের কথা শুনা না, আর এখানে চাকরি করো। সেবি তুমি কীভাবে প্রমোশন নেও, তোমার এসিয়ার শেষ করে দিব’।

গণভোটের রায় উপেক্ষা

দেখা হয়েছিল, প্রায় ১৮ মাস পর সেই স্বপ্ন আজ গ্রন্থের মতো। দ্বিতীয় বার্ষিকীতে জাতির মনে প্রগ্ন তৈরি হয়েছে, এর রক্তদান ও আন্দোলনের আশিষ শেষ পর্যন্ত ব্যর্থ হতে যাচ্ছে কি না। তিনি বলেন, নির্বাচনের পর থেকেই জামায়াতে ইসলামী সংসদে ভেতরের ও বাইরে ধারাবাহিকভাবে সরকারের বিভিন্ন দুর্য্যবসেপের সমালোচনা করে আসছে। বিরোধীরাও নৈতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমানও সংসদে একাধিকবার রাষ্ট্র সংস্কারের প্রতিশ্রুতি ভঙ্গের বিষয়টি তুলে ধরেছেন। বিএনপির ৩১ দফা যোগ্যতার কথা উল্লেখ করে তিনি বলেন, ওই যোগ্যতার নবম দফায় রাষ্ট্রীয়, সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানগুলোকে ‘সংকীর্ণ রাজনৈতিক দলীয়করণেরে উর্ধ্বে’ রেখে পুনর্গঠনের অঙ্গীকার করা হয়েছিল। কিন্তু বাস্তবে সরকার সেই প্রতিশ্রুতির সম্পূর্ণ বিপরীত পথে যাচ্ছে। তিনি অভিযোগ করে বলেন, জেলা পরিষদ, সিটি করপোরেশন, উন্নয়ন কর্তৃপক্ষ, ওয়াসাসহ বিভিন্ন প্রতিষ্ঠানে স্থানীয় সরকার নির্বাচন না দিয়ে দলীয় ব্যক্তিদের প্রশাসক ও গুরুত্বপূর্ণ পদে নিয়োগ দেওয়া হচ্ছে। এতে সংবিধানের চেতনা ও নির্বাচিত জনপ্রতিনিধির মাধ্যমে স্থানীয় সরকার পরিচালনার নীতি ধ্বংস হচ্ছে। সবাদে সফলনে সামগ্রিকক কয়েকটি নিয়োগের উদাহরণ ধরে তুলে দেন তিনি বলেন, ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের সহ-সভাপতি আবদুল্লাহ আল নোমানকে বাংলাদেশে বিনিয়োগ উন্নয়ন বিভাগে (বিডা) ডেপুটি ডিরেক্টর, ঢাকা মহানগর দক্ষিণ ছাত্রদলের সহ-সভাপতি মেহেদী হাসান আবিরকে মশেখালাী উন্নয়ন কর্তৃপক্ষে ডেপুটি ডিরেক্টর এবং ঢাকা কলেজ ছাত্রদলের যুগ্ম সম্পাদক রাকিবুল হাসান রাকিবকে এনজিওবিষয়ক ব্যুরোতে ডেপুটি ডিরেক্টর হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব পয়ে ডিউজিভিডি নিয়োগও উল্লেখজনক। নির্বাচন কমিশনের মতো একটি সাংবিধানিক প্রতিষ্ঠানে নিরপেক্ষতা সর্বোচ্চ গুরুত্ব পাওয়ার কথা থাকলেও সেখানে দলীয় বিরোচনায় নিয়োগ দেওয়া হয়েছে। মিয়া গোলাম পরওয়ার বলেন, সরকার যদি এভাবে দলীয়করণ অব্যাহত রাখে, তাহলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর স্বচ্ছতা, জবাবদিহিতা ও বিশ্বাসযোগ্যতা আরও ক্ষতিগ্রস্ত হবে। সরকারকে এই নীতি থেকে সরে এসে গণ-অভ্যুত্থানের চেতনা, গণতান্ত্রের রায় এবং জনগণের প্রত্যাশার প্রতি সম্মান দেখানোর আহ্বান জানান তিনি।

বরিশাল বিভাগজুড়ে ডেঙ্গুর বিস্তার

নানামুখী ভোগান্তির শিকার হচ্ছেন রোগী ও তাদের স্বজনরা। ভুক্তভোগীরা জানান, হাসপাতালগুলোও খুব নাহো। আবার বিভাগীয় শহরে এসে চিকিৎসা নিতে অনেক টাকা খরচ হয়। বড় শহরগুলোতে নামমাত্র মশক নিধন কর্মসূচি থাকলেও গ্রামীণ এলাকায় মশা মারার ন্যূনতম তৎপরতাও নেই। ফলে উপকূলীয় জেলাগুলোতে বছর বছর ডেঙ্গুর বিস্তার বাড়ছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০২৫ সালে বরিশাল বিভাগে মোট ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ১৯ হাজার ছাড়িয়ে যায় এবং প্রাণ হারিয়েছেন ৪৫ জন। ওই বছর বরগুনাতে যোগ্যতা করা হয়েছিল ‘ডেঙ্গুর হস্টস্পট’। তবে চলতি বছর বর্ষা মৌসুম পুরোপুরি শেষ হওয়ার আগেই বিভাগে আক্রান্তের সংখ্যা ও হাজার ৬৩৮ জনে পৌঁছেছে। এ পর্যন্ত মৃত্যু হয়েছে ৫ জনের। বিশ্বাসকর বিষয় হলো, এবার সংক্রমণের চিহ্ন বদলে সবচেয়ে বেশি রোগী মিলছে পিরোজপুর ও বালকাঠি জেলায়। স্বাস্থ্য বিভাগের ১ জামুয়ারী থেকে ২৭ জুলাই পর্যন্ত তথ্য অনুযায়ী, পিরোজপুরে আক্রান্ত হয়েছেন ১ হাজার ১৭ জন এবং বালকাঠিতে ৯৪৪ জন। এছাড়া বরিশাল জেলায় ৪৬৪ জন, বরগুনায় ৪১৪ জন, পটুয়াখালীতে ৪১৪ জন, ভোলায় ৩১২ জন এবং পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ৯৫ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চলতি বছরে ভর্তি হয়েছেন ১৫৮ জন ডেঙ্গু রোগী। বিভাগের মোট পাচ মৃত্যুর মধ্যে চারজনের মৃত্যু হয়েছে এই হাসপাতালে। সর্বশেষ ২৫ জুলাই রাতে বালকাঠি সদর উপজেলার রুপালী আভার (২৬) চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এর আগের দিন নলছিটি উপজেলার মুন্নি আভার (৩৫) মারা যান শের ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায়। ইতিহাসেও বিভাগের হাসপাতালগুলো থেকে চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৫ হাজার ৩৯৫ জন। রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর)-এর গত বছরের জরিপে দেখা গেছে, বরিশাল বিভাগের অধিকাংশ বাড়িতেই এপ্রিল মশার লার্ভার উপস্থিতি রয়েছে।

ভৌগোলিক, সামাজিক ও পরিবেশগত কারণকে ডেঙ্গু বিস্তারের প্রধান কারণ হিসেবে চিহ্নিত করেছে প্রতিষ্ঠানটি। তবে স্বাস্থ্য বিভাগ বলেছে, গত বছরের অভিজ্ঞতা থেকে প্রশাসনের সচেতনতা বৃদ্ধি পাওয়ায় এবার পরিষ্কৃতি তুলানামূলক নিয়ন্ত্রণে রয়েছে। বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী পরিচালক ডা. আব্দুল মুন্নায়েম সাদ বলেন, বর্ষাকালে ডেঙ্গু রোগী বাড়়া স্বাভাবিক। রোগীদের চিকিৎসােনবা নিশ্চিত করতে হাসপাতালের মেডিসিন ইউনিট চারটি থেকে ছয়টিতে

